

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা- ১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.৪৮৪.২০১৫-২৬৯

তারিখ : ২৬ ফেব্রুয়ারি, ২০১৬

বিষয় : নবসৃষ্ট খাগড়াছড়ি জেলার গুইমারা এবং সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠান।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.৪৮৪.২০১৫-১০৮৩; তারিখ : ০৬ সেপ্টেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নবসৃষ্ট খাগড়াছড়ি জেলার গুইমারা এবং সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু নবসৃষ্ট উক্ত উপজেলা পরিষদে অদ্যাবধি নির্বাচন অনুষ্ঠিত হয়নি। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ৩ ও ১৭ ধারায় নবসৃষ্ট উপজেলা পরিষদসমূহে নির্বাচনের বিষয়ে নিম্নরূপ উল্লেখ রয়েছে :

- “৩। উপজেলা ঘোষণা (১) এতদ্বারা প্রথম তফসিলের তৃতীয় কলামে উল্লিখিত প্রত্যেক থানার এলাকাকে উক্ত কলামে উল্লিখিত নামের উপজেলা ঘোষণা করা হইল।  
(২) এই আইন বলবৎ হইবার পর সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে কোন নির্দিষ্ট এলাকা সমন্বয়ে নূতন উপজেলা ঘোষণা করিতে পারিবে।

১৬। আকস্মিক পদ শূন্যতা পূরণ।- পরিষদের মেয়াদ শেষ হইবার তারিখের-

- (ক) একশত আশি দিন বা তদপেক্ষা বেশী সময় পূর্বে [চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের] পদ শূন্য হইলে;  
(খ) নব্বই দিন বা তদপেক্ষা বেশী সময় পূর্বে কোন মহিলা সদস্যের পদ শূন্য হইলে;  
পদটি শূন্য হওয়ার ষাট দিনের মধ্যে বিধি অনুযায়ী অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে উক্ত শূন্য পদ পূরণ করিতে হইবে, এবং যিনি উক্ত পদে নির্বাচিত হইবেন তিনি পরিষদের অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত পদে বহাল থাকিবেন।  
(গ) পরিষদের মেয়াদ শেষ হওয়ার ক্ষেত্রে, উক্ত মেয়াদ শেষ হইবার তারিখের পূর্ববর্তী একশত আশি দিনের মধ্যে; এবং  
(ঘ) পরিষদ ধারা ৫৩ এর অধীনে বাতিল হওয়ার ক্ষেত্রে, বাতিলাদেশ জারীর অনাধিক একশত বিশ দিনের মধ্যে।”

০২। এমতাবস্থায়, নবসৃষ্ট খাগড়াছড়ি পার্বত্য জেলার গুইমারা এবং সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিষদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

J.M.  
26/2/16  
(ড. জুলিয়া মর্দন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।